

৪৮। তল্লাশীর ক্ষমতা।— ^১[*****] পদমর্যাদায় ^২[সহকারী কমিশনার], মূল্য সংযোজন কর-এর নিম্নে নহেন এইরূপ কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা] লিখিত আদেশ দ্বারা, যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে এইরূপ যে কোন স্থান, ঘরবাড়ী, নৌযান বা অন্য কোন যানবাহনে প্রবেশ করিবার ক্ষমতা দান করিতে পারিবে যে স্থান, ঘরবাড়ী, নৌযান বা অন্য কোন যানবাহন হইতে বা দ্বারা এই আইনের অধীন মূল্য সংযোজন কর আরোপযোগ্য কোন পণ্য বা কোন সেবা এই আইন বা কোন বিধির বিধান লংঘন করিয়া সরবরাহ, প্রদত্ত বা বহন করা হয় বা হইয়াছে বলিয়া তিনি বিশ্বাস করেন বা তাহার উক্তরূপ বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ থাকে এবং উক্ত আদেশে উক্তরূপ স্থান, ঘরবাড়ী, নৌযান বা যানবাহন তল্লাশীর ক্ষমতাও প্রদান করা যাইতে পারে।

^১। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫৮ বলে ধারা ৪৮ এর শব্দগুলি বিলুপ্ত।

^২। অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮(১) বলে "সহকারী কালেক্টর" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।